



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)

নং-৪৭.৬২.০০০০.৯৭০.০০.৮৮০.০৯৩.১২-৬৬৭

তারিখঃ ২০/১২/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের নিরীক্ষাকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পের ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের নিরীক্ষা স্থানীয় ও রাজস্ব অধিদপ্তর কর্তৃক আগামী জানুয়ারী/২০১৯ মাসে আরম্ভ হবে। নিরীক্ষা দলের নিকট প্রকল্পের লেনদেনসহ সার্বিক কার্যক্রমের প্রমানক উপস্থাপন করা হবে। নিরীক্ষাকালে প্রকল্প কার্যক্রমের সঠিক প্রমানক উপস্থাপনের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

১। প্রকল্পে যাবতীয় আর্থিক লেনদেনের হিসাব যেমন বিল ভাউচার, শার্টহীট, নগদান বহি, সাধারণ খতিয়ান, অগ্রিম খতিয়ান, কর্জের খতিয়ান, মজুদ রেজিস্টার, লগবহি, মাসিক ও বার্ষিক জমা খরচ হিসাব ইত্যাদি হালনাগাদ থাকতে হবে।


২। ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরের মাসিক ও প্রকল্পের একিভূত বার্ষিক জমা খরচ হিসাব প্রস্তুত করতে হবে যার সমাপনী স্থিতি ব্যাংক স্থিতির সাথে মিল থাকবে এবং প্রমানক হিসেবে ব্যাংক স্টেটমেন্ট সংযুক্ত থাকবে। এ ছাড়া প্রকল্প সদর দপ্তর থেকে প্রেরিত অর্থের ব্যয় বিবরণী প্রস্তুত করতে হবে।

৩। প্রকল্পের প্রাপ্তি পরিশোধের বিলভাউচার ও খতিয়ান প্রকল্পের অভ্যন্তরীণ নিরীক্ষা টিম কর্তৃক পরীক্ষা করে পরবর্তীতে স্থানীয় ও রাজস্ব নিরীক্ষা টিমের নিকট উপস্থাপিত করা হবে।

৪। নিরীক্ষা কার্যক্রম পরিচালনা ও সম্পন্ন করার জন্য যাবতীয় বিল ভাউচার, নগদানবহি, সাধারণ খতিয়ান, কর্জের খতিয়ান ইত্যাদি প্রকল্প সদর দপ্তরে পাঠাতে হবে। এ সংক্রান্ত দিন তারিখ টেলিফোনে যথা সময়ে অবহিত করা হবে।

৫। হিসাব হালনাগাদ সম্পন্ন পর বিষয়টি প্রকল্প দপ্তরকে অবহিত করতে হবে। এ সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজনীয়তায় প্রকল্পের সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) এর সাথে ০২-৮১৮৯০৩১ / ০১৭৫১৩৭৬৮৪৪ নম্বরে যোগাযোগ করতে হবে।

বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

  
(প্রকৌশলী মোঃ রাশিদুল আলম)  
প্রকল্প পরিচালক (IRESPW)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

উপজেলা : ----- (প্রকল্পভুক্ত ৫৯টি উপজেলা)।

জেলাঃ-----।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। উপ পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, জেলাঃ ----- (প্রকল্পভুক্ত ১৫টি জেলা)।

২। উপপ্রকল্প পরিচালক (অর্থ, হিসাব, উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা (পত্রের নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য)।

৩। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), ইরেসপো, বিআরডিবি, ঢাকা (পত্রের নির্দেশনা তদারকির জন্য)।

৪। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।

৬। অফিস কপি।